

কটন ক্লোথিং (বিডি) লিঃ	পলিসির নাম : শিশু শ্রম নীতিমালা (Child Labor Policy)
	কার্যকর তারিখ : ০১/০১/২০১২
	নবায়নের তারিখ : ০১/০৬/২০১৬
পলিসি কার্যকর করার দায়িত্বশীল ব্যক্তিবর্গ	ব্যবস্থাপক (কমপন্টয়েন্স এবং প্রশাসন), প্রশাসনিক কর্মকর্তা, মেডিকেল বিভাগ কল্যাণ কর্মকর্তা, কমপ্লায়ন্স কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ।

প্রতিশ্রুতি: কটন ক্লোথিং বিডি লি: নিয়োগের ক্ষেত্রে যাতে শিশু শ্রমিক নিয়োগ না সেক্ষেত্রে ক্ষেত্রে রাষ্ট্রীয় আইন, আন্তর্জাতিক শ্রম সংঘ আইন এবং ক্রেতাদের আচরণ বিধি নিয়ম মেনে চলতে বদ্ধপরিকর। কর্ম পরিবেশে শিশু শ্রম ক্রেতাদের কাছে একটি বিশেষ স্পর্শ কাতর বিষয়

প্রসঙ্গ: বাংলাদেশ শ্রম আইন ২০০৬, বাংলাদেশ শ্রমবিধি ২০১৫, আন্তর্জাতিক শ্রম সংঘ ১৯৩০, এবং ক্রেতাদের আচরণবিধি সমূহ হল এই পদ্ধতির মূল ভিত্তি।

লক্ষ্য: কটন ক্লোথিং বিডি লি: এর মূল লক্ষ হল শিশুদের মেধাবিকাশ তথা জাতি ও দেশের শিক্ষা ও উন্নয়নের স্বার্থে নিয়োগের ক্ষেত্রে উপরোক্ত আইন মেনে চলা যাতে করে কোন শিশু শ্রম নিয়োগ না হয়। আজকের শিশু আগামী দিনের ভবিষ্যত এই বাক্যতে কটন ক্লোথিং বিডি লি: পুরোপুরি বিশ্বাসী।

পরিধি: এই নীতিমালা কটন ক্লোথিং (বিডি) লি: এর সকল শ্রমিক, কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে প্রযোজ্য।

শিশুশ্রম জাতীয় ও আন্তর্জাতিক আইনে নিষিদ্ধ। আইনের প্রতি শ্রদ্ধাশীল হয়ে আজকের শিশু আগামী দিনের দেশ ও জাতীর ভবিষ্যৎ এই নীতিতে বিশ্বাস করে। যে বয়সে তাদের লেখাপড়া করার সময় সে বয়সে তারা লেখাপড়া করার পরিবর্তে শ্রমিক হিসাবে কল-কারখানায় কাজ করবে তাহা কটন ক্লোথিং (বিডি) লিঃ এর কর্তৃপক্ষ মোটেই সমর্থন করে না। আর এই উদ্দেশ্যই কর্তৃপক্ষ ১৬ বৎসরের কম বয়সী কোন শ্রমিক নিয়োগ করে না। কর্তৃপক্ষ শিশু শ্রমের ব্যবহার কোন ভাবেই সমর্থন করে না। সরবরাহকারীদেরকে এ ব্যাপারে নিবুৎসাহিত করে এবং প্রয়োজনে শিশু শ্রমিক নিয়োগকারীদের সাথে ব্যবসায়িক সম্পর্ক ছিন্ন করে।

বাংলাদেশের শ্রম আইন অনুযায়ী বয়স্ক, কিশোর ও শিশুর সংজ্ঞা নিম্নরূপঃ

- ক) বয়স্ক ব্যক্তি : যার বয়স ১৮ বা তার অধিক।
- খ) কিশোর : যার বয়স ১৬ বছর পূর্ণ হয়েছে কিন্তু ১৮ বছর পূর্ণ হয়নি।
- গ) শিশু : যার বয়স ১৬ বছর পূর্ণ হয়নি।

শ্রমিক নিয়োগের সময় বয়স প্রমানের জন্য জন্মগত সনদ ও বয়সসহ শিক্ষাগত যোগ্যতার (যদি থাকে) সনদ চাওয়া হয়।

চাকুরীর প্রার্থীর বয়স প্রমানের জন্য রেজিস্টার্ড চিকিৎসক (এম.বি.বি.এস) এর মাধ্যমে বয়স যাচাই করে নিয়োগ দেওয়া হয়। শ্রমিক নিয়োগকারীদেরকে বয়স্ক ব্যক্তি, কিশোর ও শিশু শ্রমিকদের বয়সের আইনগত বিভাজন সম্বন্ধে অবগত করা ও ট্রেনিং দেওয়া হয়।

কটন ক্লোথিং কর্তৃপক্ষ ১৬ বৎসরের নিচে কোন শ্রমিক নিয়োগ করে না।

১৬ থেকে ১৮ এর কম বয়সের শ্রমিক নিয়োগ করতে নিম্নোক্ত বিষয়গুলি মেনে চলা হয়।

- ১। কোন কিশোরকে দৈনিক ৫ ঘন্টার অধিক এবং সপ্তাহে ত্রিশ(৩০) ঘন্টার অধিক সময় কাজ করিতে দেওয়া হয় না।
- ২। কোন কিশোর শ্রমিককে দৈনিক সাত ঘন্টার অধিক এবং সপ্তাহে বিয়াল্লিশ (৪২) ঘন্টার অধিক সময় কাজ করিতে দেওয়া হয় না।
- ৩। কোন কিশোরকে সন্ধ্যা ৭.০০ ঘটিকা হইতে সকাল ৭.০০ ঘটিকার মধ্যবর্তী সময়ে কোন কাজ করতে দেওয়া হয় না।